# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 11-02-2025 Time: 7-35 A.M.**

বিশেষ বিশেষ খবর -

১) রাজ্যপালের অভিভাষণের মধ্যে দিয়ে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের সূচনা হয়েছে। আগামীকাল পেশ হবে রাজ্য বাজেট।

২) ২০২৬-এর বিধানসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেস রাজ্যে দুই তৃতীয়াংশ সংখ্যা গরিষ্ঠতা পাবে বলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আশা প্রকাশ করেছেন।

৩) চলতি বছরের মাধ্যমিকে আজা দ্বিতীয় ভাষার পরীক্ষা নেওয়া হবে। শুরু হয়েছে হাই মাদ্রাস আলিম ও ফাজিলের পরীক্ষাও।

৪) রাজ্যে ২৫ হাজারের বেশি স্কুল শিক্ষক ও শিক্ষা কর্মী পদে নিয়োগ বাতিল মামলায় সুপ্রিম কোর্ট রায়দান স্থগিত রেখেছে।

৫) সুন্দরবনের মৈপীঠে লোকালয়ে ঢুকে পড়া বাঘটিকে খাঁচাবন্দি করেছে বন বনদফতর ।

৬) উত্তরাখন্ডে জাতীয় গেমসে টেবিল টেনিসে বাংলা পুরুষ ও মহিলাদের দলগত বিভাগে স্বর্ণ পদক জয় করেছে।

ooooooooooooooooooooo

রাজ্যপালের অভিভাষণের মধ্যে দিয়ে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের গতকাল সূচনা হয়েছে। আগামীকাল বিধানসভায় বাজেট পেশ করবেন, স্বাধীন দায়িত্বপ্রাপ্ত অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। এটি চলতি মেয়াদে তৃণমূল কংগ্রেস সরকারের শেষ পূর্ণাঙ্গ বাজেট অধিবেশন। এবারের অধিবেশন চলবে আগামী ১৯ তারিখ পর্যন্ত।

এপর ১৩ ও ১৭ তারিখ বিধানসভায় রাজ্যপালের ভাষণের ওপর ধন্যবাদ সূচক আলোচনা হবে। গতকাল রাজ্যপাল তাঁর ভাষণে রাজ্য সরকারের বিভিন্ন সাফল্যের কথা তুলে ধরেন। রাজ্যপাল জানান, মুখ্যমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বে বিগত ১৩ বছরে রাজ্যে অর্থনৈতিক বিকাশ ও অন্যান্য আর্থিক মাপকাঠির নিরিখে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের কথা তুলে ধরে রাজ্যপাল জানান, ওই সম্মেলন অসাধারণ সাফল্যের সঙ্গে অনুষ্ঠিত হয়েছে। ২০টি দেশের অংশগ্রহণ ছাড়াও দেশ-বিদেশের শিল্প এবং বাণিজ্য জগতের বহু রথী-মহারথী এই অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন। সম্মেলনে আসা প্রস্তাব রূপায়িত হলে রাজ্যে অর্থনৈতিক কর্মকাণ্ডের পরিমাণ বৃদ্ধি পাওয়া ছাড়াও যুবসম্প্রদায়ের জন্য অনেক বেশি কাজের সুযোগ সৃষ্টি হবে বলে তিনি জানান। রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে রাজ্যপাল সন্তোষ প্রকাশ করেন ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভায় রাজ্যপালের অভিভাষণের বিরোধীতা করেছে বিজেপি। গতকাল বিধানসভার বাইরে সাংবাদিকদের কাছে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, রাজ্যপালের ভাষণে রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি, বিশেষত উৎসবের সময় শান্তিপূর্ন পরিবেশ নিয়ে যে প্রশংসা করা হয়েছে, তা সঠিক নয়। আইনশৃঙ্খলা ঠিক থাকলে কিভাবে রাজ্যে এত খুন, ধর্ষনের ঘটনা সামনে আসছে তা নিয়ে প্রশ্ন তোলেন তিনি।

রাজ্য সরকার, কেন্দ্রীয় সহায়তা ছাড়াই বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্প চালিয়ে নিয়ে যাচ্ছে বলে রাজ্যপালের ভাষণে উল্লেখ রয়েছে। এর বিরোধীতা করে শুভেন্দুবাবু বলেন, একাধিক কেন্দ্রীয় প্রকল্প রাজ্যে চালু হচ্ছে না।

(বাইট – শুভেন্দু)

রাজ্যের বিভিন্ন কর্মসূচী ও সাফল্যে রাজ্যপালের সম্মতি থাকার কারনেই তিনি তা স্পষ্ট করেছেন বলে তৃণমূল কংগ্রেসের রাজ্য সম্পাদক কুনাল ঘোষ মন্তব্য করেছেন।

oooooooooooooooooooooooooo

২০২৬ এর বিধানসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেস রাজ্যে দুই তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে ক্ষমতায় আসবে বলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন। বিধানসভার বাজেট অধিবেশনের সূচনার আগে গতকাল তিনি তৃণমূল কংগ্রেস পরিষদীয় দলের সঙ্গে বৈঠক করেন। এরাজ্যে তৃণমূল কংগ্রেসের কারও সহায়তা প্রয়োজন নেই বলেও নেত্রী স্পষ্ট জানিয়ে দেন।

প্রকাশ্যে দল সম্পর্কে বিরূপ মন্তব্য করার জন্য মদন মিত্র, হুমায়ুন কবীর, নারায়ণ গোস্বামীর মতো কয়েকজন বিধায়ককে তিনি সতর্কও করে দিয়েছেন। বৈঠকে দলীয় সংগঠনকে ঢেলে সাজাতে বেশ কিছু পদক্ষেপ গ্রহণের বিষয়েও আলোচনা হয়েছে।

প্রতিটি ব্লকের নতুন সভাপতিদের নাম স্থির করতে তিনজনের তালিকা চাওয়া হয়েছে বলেও তৃণমূল কংগ্রেস সূত্রে জানা গেছে।

oooooooooooooooooooooooooo

চলতি বছরে আজ মাধ্যমিকের দ্বিতীয় ভাষার পরীক্ষা নেওয়া হবে। পাশাপাশি হাই মাদ্রাসা, আলিম ও ফাজিল পরীক্ষাও শুরু হয়েছে গতকাল। ২৫শে ফেব্রুয়ারি পর্যন্ত তা চলবে। পরীক্ষার্থীদের জন্য প্রশাসনের তরফে নেওয়া হয়েছে একাধিক পদক্ষেপ। পরীক্ষার দিনগুলিতে **বিশেষ বাস** চালাচ্ছে পরিবহন দপ্তর ।

রাজ্যের অরণ্য সংলগ্ন অঞ্চলগুলিতে পরীক্ষার্থীদের নিরাপত্তায় বিশেষভাবে সক্রিয় সশস্ত্র বনকর্মীরা। বাঁকুড়ার উত্তর ও বিষ্ণুপুর পাঞ্চেৎ বনবিভাগের বেশ কয়েকটি জঙ্গলে এই মুহূর্তে ষাটটিরও বেশি হাতি ঘোরাফেরা করছে বলে জানা গেছে। বড়জোড়ার হাতি উপদ্রুত এলাকায় পরীক্ষার্থীদের বন দপ্তরের তরফে কেন্দ্রে পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা হয়। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন প্রতিবেদন

(ভয়েসকাস্ট – দেবাশিষ)

এদিকে, বাঘের আতঙ্কের মধ্যেই মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে পুরুলিয়ার বান্দোয়ান এবং মানবাজার এলাকার পরীক্ষার্থীরা। বান্দোয়ানের জঙ্গলে আলাদা করে নজরদারীও শুরু করেছে বনদপ্তর। খোলা হয়েছে হেল্পলাইন নম্বরও।

oooooooooooooooooooooooo

মাধ্যমিক চলাকালীন পরীক্ষা কেন্দ্রগুলি বা ভেনুতে পঠন-পাঠন বন্ধ থাকবে বলে বিজ্ঞপ্তি জারি করেছে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ১০'ই ফেব্রুয়ারি থেকে ২০-ই ফেব্রুয়ারি এবং যে পরীক্ষা কেন্দ্রগুলিতে ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা রয়েছে, সেখানে ২২ ফেব্রুয়ারি পর্যন্ত পঠন-পাঠন বন্ধ থাকবে।

মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায় গতকাল উত্তর চব্বিশ পরগনা জেলার বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরদর্শন করেন। মধ্যমগ্রামের মাইকেলনগর শিক্ষায়তন স্কুল পরিদর্শনের পর রামানুজবাবু সাংবাদিকদের বলেন, সব জায়গাতেই সুষ্ঠুভাবে পরীক্ষা হচ্ছে।

(বাইট – রামানুজ)

ooooooooooooooooooooooooo

দেশের সামগ্রিক উন্নয়নে শিক্ষার গুরুত্বের উপর বিশেষভাবে জোর দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

নতুনদিল্লিতে গতকাল অষ্টম 'পরীক্ষা পে চর্চা'র অনুষ্ঠানে শিক্ষার্থীদের সঙ্গে আলাপচারিতায় পরীক্ষার সময় মানসিক চাপ ও উদ্বেগ কাটিয়ে ওঠার উপায় সম্পর্কে পরামর্শ দেন প্রধানমন্ত্রী।

( বাইট – প্রধানমন্ত্রী)

পরীক্ষায় ভালো ফল করার জন্য পড়ুয়াদের অন্যান্য কাজকর্মেও নিজেদের যুক্ত করতে হবে। ছাত্রছাত্রীদের লেখালেখির অভ্যাস গড়ে তোলার পরামর্শও দেন প্রধানমন্ত্রী।

ooooooooooooooooooooooooo

রাজ্যে স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে ২৫ হাজারের বেশি স্কুল শিক্ষক ও শিক্ষা কর্মী পদে নিয়োগ বাতিল মামলায় সুপ্রিম কোর্ট, রায়দান স্থগিত রেখেছে। প্রধান বিচারপতি সঞ্জীব খান্না এবং বিচারপতি সঞ্জয় কুমারের বেঞ্চে গতকাল মামলাটির চূড়ান্ত শুনানি হয়েছে। বিভিন্ন পক্ষের আইনজীবীরা তাঁদের বক্তব্য তুলে ধরেন। প্রধান বিচারপতি তাঁর পর্যবেক্ষণে বলেন, আসল তথ্য জানা প্রায় অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা-সিবিআই যোগ্য অযোগ্য নিয়োগ

প্রাপ্তদের আলাদা করতে পারছে না। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আইনজীবী বলেন, নিয়োগে ব্যাপক দুর্নীতি হয়েছে। অনেকেই সাদা খাতা জমা দিয়ে চাকরি পেয়েছেন। কাজেই হাইকোর্টের রায় যথার্থ। স্কুল সার্ভিস কমিশনের আইনজীবী জানান, র‍্যাঙ্ক জাম্প এবং প্যানেল বহির্ভূত নিয়োগের তথ্য তাঁদের কাছে থাকলেও ওএমআর শিট কারচুপির তথ্য কমিশনের কাছে নেই।

oooooooooooooooooooooooo

দীর্ঘ প্রচেষ্টার পর দক্ষিণ ২৪ পরগনার মৈপীঠের বাঘটিকে পাকড়াও করেছে বন দফতর। নগেনাবাদের ক্ষেতের মধ্যে সেটির লুকিয়ে থাকার খবর পাওয়ার পর পাতা হয় ফাঁদ। টোপ হিসেবে ছাগল ব্যবহার করা হয়। অবশেষে ভোর রাতে বাঘটি খাঁচাবন্দি হয়।

এদিকে, গতকালই বাঘের আক্রমণে আহত অস্থায়ী বনকর্মীর চিকিৎসা চলছে এস এস কে এম-এ। ওই ব্যক্তির চোখে গুরুতর আহত রয়েছে।

উল্লেখ্য, গত ২ মাস ধরে কুলতুলি ও মৈপীঠ এলাকায় একাধিকবার লোকালয়ে বাঘ ঢুকে পড়ার ঘটনায় স্থানীয়দের মধ্যে ক্ষোভের সঞ্চার হয়েছে। জেলা বানাধিকারি নিশা গোস্বামী জানিয়েছেন, বছর ১০-এর পুরুষ বাঘটিকে স্বাস্থ্য পরীক্ষার পর গভীর জঙ্গলে ছেড়ে দেওয়া হবে।

oooooooooooooooooooo

বীরভূমের বোলপুরের বাঁধগোড়ায় একটি বহুতলের দো-তলার ফ্ল্যাটে অগ্নিকান্ডে ২ জনের মৃত্যু হয়েছে। দুই শিশু সহ গুরুতর জখম হয়েছেন চারজন। গত সন্ধ্যায় সেখনে আগুন লাগে বলে দমকল সূত্রে জানা গেছে। তিনটি ইঞ্জিন ঘটনাস্হলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে।

oooooooooooooooooooooo

কলকাতার তারাতলা থানা এলাকায় কেপিটি কলোনিতে অগ্নিকান্ডে বেশ কয়েকটি ঝুপড়ি ভস্মীভূত হয়েছে। জানা গেছে কেপিটি কলোনির কোয়ার্টারের পাশে অনেকগুলি ঝুপড়ি রয়েছে। গতসন্ধ্যায় সেখানে হঠাৎ করে আগুন দেখতে পান স্থানীয়রা। খবর যায় দমকলে। একের পর এক গ্যাস সিলিন্ডার বিস্ফোরণের শব্দ শোনা যায়। স্থানীয়েরা আগুন নেভানোর চেষ্টা করেও ব্যর্থ হন। খবর পেয়ে ঘটনাস্থলে যায় দমকলের সাতটি ইঞ্জিন। রাত ৯টা নাগাদ আগুন নিয়ন্ত্রনে আসে। প্রাণহানির খবর পাওয়া যায়নি। কত ক্ষয়ক্ষতি হয়েছে, তা এখনও স্পষ্ট নয় বলে দমকল সূত্রে খবর।

অগ্নিকান্ডের খবর পেয়ে ঘটনাস্থলে যান কলকাতার মেয়র তথা পুরমন্ত্রী ফিরহাদ হাকিম। অন্ততঃ ৩০টি ঝুপড়ি পুড়ে গেছে বলে তিনি জানিয়েছেন। ক্ষতিগ্রস্তদের পাশে থাকার আশ্বাসও

দিয়েছেন তিনি। অন্য দিকে, পরিস্থিতি খতিয়ে দেখতে ঘটনাস্থলে যান প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারও।

০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার হরিণঘাটার মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি ক্যাম্পাসে রহস্যজনক ভাবে এক ছাত্রীর মৃত্যুর খবর পাওয়া গেছে । সূত্রের খবর গত রাতে একাডেমিক বিল্ডিং এর নিচে এমটেক প্রথম বর্ষের ছাত্রীর সায়নী দাস কে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করা হয়। স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাকে মৃত বলে গথষণা করেন। ছাত্রিটির বাড়ি দুর্গাপুরে বলে জানা গেছে।

এদিকে এই ঘটনার পরে পড়ুয়ারা প্রতিষ্ঠানের সামনে জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখিয়েছেন তাদের অভিযোগ, বিশ্ববিদ্যালয়ে এম্বুলেন্স থাকলেও তা পাওয়া যায়নি। ফলে টোটো তে করে সায়নীকে হাসপাতালে নিয়ে যেতে হয়। । বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার পার্থপ্রতিম লাহিড়ী ও পুলিশের পদস্থ কর্তারা তাদের অবরোধ তুলে নিতে অনুরোধ করলেও পরিস্থিতি স্বাভাবিক হয় নি। ওই ছাত্রী একাডেমিক বিল্ডিং এর ছাদ থেকে ঝাঁপ দিয়েছে না পড়ে গিয়েছে পুলিশ তা খতিয়ে দেখছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

হুগলী জেলার ত্রিবেণীতে কুম্ভ স্নান উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে গঙ্গার ঘাটে ১০ হাজার প্রদীপ প্রোজ্বলন করা হবে। উদ্বোধন অনুষ্ঠানে যোগ দেবেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস।

মাঘী পূর্ণিমা উপলক্ষে ১২-ই ফেব্রুয়ারী অমৃত স্নান। ১১ থেকে ১৩-ই ফেব্রুয়ারী চলা এই উৎসবের প্রস্তুতি খতিয়ে দেখতে গতকাল অতিরিক্ত জেলাশাসক এবং প্রশাসনের কর্তারা সেখানে যান।

নদীয়ার কল্যাণীর মাঝের চরে গৌরাঙ্গ মহাপ্রভূর ঘাটে শুরু হয়েছে কুম্ভ মেলা। বঙ্গ কুম্ভ মেলা পরিষদের উদ্যোগে এই মেলা চলবে ১৬-ই ফেব্রুয়ারী পর্যন্ত

০০০০০০০০০০০০০০০০০০০০

ঘূর্ণাবর্তের প্রভাবে আগামী কয়েকদিন তাপমাত্রার পারদ বেশকিছুটা বাড়বে বলে আবহাওয়া দফতর জানিয়েছে। একই সঙ্গে উত্তরবঙ্গে কয়েকটি জেলায় বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে। দার্জিলিং-এর উচ্চ পার্বত্য এলাকায় তুষারপাতের সম্ভাবনা।

রাজ্যের বাকি জেলাগুলিতে মূলত আবহাওয়া শুষ্ক থাকবে। ঘন কুয়াশার সতর্কতা রয়েছে দক্ষিণবঙ্গের বেশিরভাগ জেলাতেই।

আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২ দশমিক পাঁচ ডিগ্রী সেলসিয়াস। যা স্বাভাবিকের থেকে প্রায় ৫ ডিগ্রী বেশি। সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রীর আশেপাশে থাকার সম্ভাবনা।

০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরাখণ্ডে জাতীয় গেমসে গতকাল টেবল টেনিসে বাংলা , পূরুষ ও মহিলাদের দলগত বিভাগে স্বর্ণ পদক জয় করেছে।

পুরুষদের ফাইনালে বাংলা ৩-০ মহারাষ্ট্র কে হারিয়ে দেয়। বাংলা দলে ছিলেন আকাশ পাল, সৌরভ সাহা, রোহিত ভঞ্জ, অনিকেত সেন চৌধুরী।

মহিলাদের ফাইনালে বাংলা ৩-১ এ মহারাষ্ট্রকে পরাজিত করে। সূতীর্থা মুখার্জী, ঐহিকা মুখার্জী, পয়মন্তি বৈশ্য ছিলেন বাংলা দলে।

বাংলা ১১ টি সোনা,৮ টি রূপো, ১১=টি ব্রোঞ্জ সহ ৩০ টি পদক জিতে পদক তালিকার ত্রয়োদশ স্থানে আছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০